## সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস)

| মন্ত্রণালয়/ বিভাগ | সেবার নাম | TCV(Time, Cost & Visit) বিশ্লেষণ | | | সহজিকৃত সেবা বাস্তবায়ন পরিকল্পনা | | সহজিকরণের বিস্তারিত পরিকল্পনা তথ্য বাতায়নে আপলোডের তারিখ | সহজিকরণ বাস্তবায়নের অগ্রগতি (%) | ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবি ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ক্ষেত্র | বিদ্যমান | প্রস্তাবিত/ বাস্তবায়িত | কার্যক্রম | তারিখ | | | |
| তথ্য মন্ত্রণালয় | **ক) ই-আর্টিস্ট ম্যানেজমেন্ট** | সময় | ৩০ দিন | ৭ দিন | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন | ৩১.০৮.২০১৭ | | ই-আর্টিস্ট ম্যানেজমেন্ট এবং ই-গেইট পাস সিস্টেম চালুর লক্ষ্যে সফল প্রস্তাব প্রদানকারী প্রতিষ্ঠান ফ্লোরা লিমিটেড এর সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ শুরু হয়েছে যা অচিরেই সম্পন্ন হবে। | পরিচালক (প্রশাসন) বিটিভি |
| | বিটিভিতে অংশগ্রহণকৃত শিল্পীদের সম্মানী প্রদানে অনলাইন আর্টিস্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালুর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | খরচ | - | - | সরকারি আদেশ জারি | ২৮.০২.১৭ | | | |
| | | যাতায়াত (বার) | ৫ দিন | ২ দিন | পাইলটিং (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৫.০১.১৮ (ডেমো) | | | |
| | | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | - | - | সারাদেশে বাস্তবায়ন | - | | | |
| | **খ) ই-গেইট পাস ইস্যুয়িং সিস্টেম** | সময় | - | - | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন | ৩১.০৮.২০১৭ | | | পরিচালক (প্রশাসন) বিটিভি |
| | বিটিভির বিদ্যমান সেবাসমূহে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে ইলেকট্রনিক্স গেইট পাস চালুর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | খরচ | - | - | সরকারি আদেশ জারি | ২৮.০২.১৭ | | | |
| | | যাতায়াত (বার) | - | - | পাইলটিং (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৪.১০.১৭ (ডেমো) | | | |
| | | দাখিলীয় কাগজপত্র | - | - | সারাদেশে বাস্তবায়ন | - | | | |
| | **গ) বায়োমেট্রিক হাজিরা** | সময় | - | - | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন | - | | ২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বিটিভি প্রধান কার্যালয়, ঢাকা কেন্দ্র ও চট্টগ্রাম কেন্দ্রে বায়োমেট্রিক হাজিরা চালু করা হয়েছে। পর্যায়ক্রমে সকল উপকেন্দ্রে চালু করা হবে। | পরিচালক (প্রশাসন) বিটিভি |
| | বিটিভির কর্মকর্তা/কর্মচারীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে সকল কেন্দ্র/উপকেন্দ্রে বায়োমেট্রিক হাজিরা চালুর উগদ্যোগ গ্রহণ করা হয়েছে। | খরচ | - | - | সরকারি আদেশ জারি | ২৬,১২.২০১৬ | | | |
| | | যাতায়াত (বার) | - | - | পাইলটিং (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৫.০৯.২০১৬ | | | |
| | | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | - | - | সারাদেশে বাস্তবায়ন | - | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।

## সেবা সহজীকরণ

০১। **ইলেকট্রনিক গেট পাস:** ডিজিটাল বাংলাদেশ গঠনের প্রক্রিয়ায় বিদ্যমান সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনের বর্তমান ম্যানুয়্যাল গেট পাস সিস্টেমকে সেবা সহজীকরণের আওতায় ইলেকট্রনিক গেট পাস ইস্যুইং সিস্টেম চালু করা হয়েছে। ইলেকট্রনিক গেট পাস সিস্টেম চালু করায় আগত অতিথি, শিল্পী/কলাকুশলী এবং মালামাল পরিবহনের ক্ষেত্রে বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান ও কাজের গতি বৃদ্ধি পেয়েছে।

**পূর্বে যেরূপ সমস্যা ছিল:** বিটিভিতে মূলতঃ চার ধরণের পাস ইস্যু করা হয়। যথা- ক) কন্ট্রোলরুম পাস খ) স্টুডিও পাস গ) টিভি অফিস পাস ঘ) ভিজিটর পাস। এছাড়াও, বিটিভির অভ্যন্ড়র হতে কোন মালামাল বাহিরে নিয়ে যাওয়ার জন্য এবং বাহিরের মালামাল ভিতরে নিয়ে আসার জন্য চালান ইস্যু করা হয়। পাস প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ আগত অতিথি, শিল্পী/কলাকুশলীদের নামে পূর্বেই পাস ইস্যু করে সংশি- ষ্টদের নিকট প্রেরণ করেন। আগত অতিথি, শিল্পী/কলাকুশলীগণ উক্ত পাস সংগ্রহপূর্বক বিটিভি ভবনে উপস্থিত হয়ে থাকে। অভ্যর্থনাকক্ষ হতে পাস যাচাই বাছাইপূর্বক প্রবেশের অনুমতি প্রদান করা হয়। ফলে আগত অতিথি, শিল্পী/কলাকুশলীদের নানারকম বিড়ম্বনায় পরতে দেখা যায়। বাংলাদেশ টেলিভিশনের বর্তমান ম্যানুয়্যাল গেট পাস সিস্টেমকে যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে অফিস অটোমেশন সিস্টেমের আওতায় ইলেকট্রনিক গেট পাস ইস্যুইং সিস্টেম চালু করা হয়েছে।

**সহজীকরণের ফলে বর্তমান অবস্থা:** বিটিভির পাস প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ আগত অতিথি, শিল্পী/কলাকুশলীদের নামে প্রয়োজনীয় তথ্যসহ (মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি) সফটওয়্যারের মাধ্যমে একটি গেট পাস প্রেরণ করবেন। উক্ত তথ্যের ভিত্তিতে রিসিপশন ডেস্কে কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীগণ অতিথির তথ্য যাচাই ও ছবি ক্যাপচারপূর্বক তাঁকে একটি ভিজিটর কার্ড ইস্যুর মাধ্যমে বিটিভি ভবনের অভ্যন্তরে প্রবেশ করতে দেবেন। বিটিভি ভবনের অভ্যন্তর হতে কোন মালামাল ভবনের বাহিরে নিয়ে যাওয়া/ভবনের ভিতরে নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি তার উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে একটি চালান সফটওয়্যারের মাধ্যমে গেটে প্রেরণ করবেন। উক্ত চালানের ভিত্তিতে সিকিউরিটি অফিসারগণ চালানে উল্লিখিত মালামালসমূহ বিটিভি ভবনের বাহিরে নিয়ে যাওয়া/নিয়ে আসার বিষয়টি নিশ্চিত করবেন।

**মন্তব্য:** ৩১.০৮.২০১৭ তারিখে ফ্লোরা লিমিটেডের সাথে বিটিভি চুক্তি স্বাক্ষরিত হয়। ২৪.১০.২০১৭ তারিখে অনলাইন গেট পাসের ডেমো পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ চলছে। শীগ্রই সফলভাবে কার্যক্রম গ্রহণ করা হবে। বিটিভির বাস্তবায়র লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ফেব্রুয়ারি ২০১৮।